বিজ্ঞপ্তি নং- ০১/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেবিদ্বার, কুমিল্লা।
www.debidwar.comilla.gov.bd

স্মারক নং-০৫.২০.১৯৪০.০০০.৩৮.০৩৭.২১- ১৪৯(২০০)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭ / ২৩ ফেব্রুয়ারি ২০২১

## "হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন নিম্নতফসিলে বর্ণিত হাট-বাজার সমূহ ১৪২৮ বাংলা ০১ বৈশাখ হতে ১৪২৮ বাংলার ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/দরপত্র দাতাগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ১ম পর্যায়ে সন্তোষজনক দরপত্র পাওয়া না গেলে ২য় ও ৩য় পর্যায়ে নিম্নেবর্ণিত তারিখ ও সময়ে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। দরপত্র নিম্নেবর্ণিত তারিখ ও সময়ে জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা, পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবিদ্বার, কুমিল্লা এবং সহকারী কমিশনার (ভূমি), দেবিদ্বার, কুমিল্লা এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র সংক্রান্ত সিডিউল ফরম অফেরতযোগ্য মূল্যে অফিস চলাকালীন দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবিদ্বার, কুমিল্লা, সহকারী কমিশনার (ভূমি), দেবিদ্বার, কুমিল্লা, ভারপ্রাপ্ত কর্মকর্তা, দেবিদ্বার থানা এর কার্যালয় এবং ব্যবস্থাপক সোনালী ব্যাংক লিঃ দেবিদ্বার শাখা, দেবিদ্বার, কুমিল্লা হতে ক্রয় করা যাবে। বিজ্ঞপ্তিটি www.debidwar.comilla.gov.bd তে পাওয়া যাবে। বিস্তারিত জানতে যোগাযোগ করুন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবিদ্বার, কুমিল্লা। ইজারাযোগ্য/হাট-বাজাসমূহের বিবরণ নিম্নে দেয়া হলোঃ

তফসিলভূক্ত হাট-বাজারের নাম, কাঙ্খিত সরকারি মূল্য ও সিডিউলের মূল্য নিম্নরূপঃ-

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | যে ইউনিয়নে অবস্থিত | কাঙ্খিত সরকারী মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | সৈয়দপুর বাজার | বড়শালঘর | ৩,১৬,৫১৭/- | ১,২০০/- |
| ০২ | সংচাইল বাজার | ঐ | ৭০,৭৪৭/- | ৫০০/- |
| ০৩ | প্রজাপতি বাজার | ঐ | ৩০,৫৬৭/- | ৫০০/- |
| ০৪ | এগারগ্রাম বাজার | ইউছুফপুর | ২৯,৪৩২/- | ৫০০/- |
| ০৫ | পীরগঞ্জ বাজার | ঐ | ৫,৯৫,৮৪৪/- | ১৬০০/- |
| ০৬ | রসুলপুর বাজার | রসুলপুর | ৬৫,৬৮১/- | ৫০০/- |
| ০৭ | সি এন্ড বি বাজার | ঐ | ২২,৬১৩/- | ৫০০/- |
| ০৮ | ওয়াহেদপুর বাজার | সুবিল | ১২,৪৫০/- | ৫০০/- |
| ০৯ | বুড়িরপাড় বাজার | ঐ | ৩,২৮১/- | ৫০০/- |
| ১০ | ফতেহাবাদ বাজার | ফতেহাবাদ | ২০,৩৭,১০৪/- | ৪,৬০০/- |
| ১১ | খলিলপুর বাজার | ঐ | ১,৯৬,৮৭৬/- | ১,০০০/- |
| ১২ | সুলতানপুর বাজার | ঐ | ২,১৭৩/- | ৫০০/- |
| ১৩ | সাইচাপাড়া বাজার | ঐ | ২৮,৮১০/- | ৫০০/- |
| ১৪ | এলাহাবাদ বাজার | এলাহাবাদ | ২,৩৫,৪৩৬/- | ১২০০/- |
| ১৫ | মোহাম্মদপুর বাজার | ঐ | ৪,৯৭৮/- | ৫০০/- |
| ১৬ | জাফরগঞ্জ বাজার | জাফরগঞ্জ | ১,৯৬,৫৩৩/- | ১০০০/- |
| ১৭ | বেগমাবাদ বাজার | ঐ | ৫৫,৯৮৬/- | ৫০০/- |
| ১৮ | বারুর বাজার | ঐ | ৮,৬৫৭/- | ৫০০/- |
| ১৯ | গুনাইঘর বাজার | গুনাইঘর (উঃ) | ২,৯৩৩/- | ৫০০/- |
| ২০ | ছেপাড়া বাজার | ঐ | ৪,৯১১/- | ৫০০/- |
| ২১ | বাকসার বাজার | ঐ | ১৬,৩১০/- | ৫০০/- |
| ২২ | মাশিকাড়া বাজার | গুনাইঘর (দঃ) | ৫৬,৫৬৯/- | ৫০০/- |
| ২৩ | উজানীকান্দি বাজার | ঐ | ৪,৫৯৩/- | ৫০০/- |
| ২৪ | পদ্মকোট বাজার | ঐ | ৭,৫৩১/- | ৫০০/- |
| ২৫ | রাজামেহার বাজার | রাজামেহার | ৫৯,২৮৯/- | ৫০০/- |
| ২৬ | চুলাশ বাজার | ঐ | ১২,৪০২/- | ৫০০/- |
| ২৭ | সাইতলা বাজার | ভানী | ৩,৩৫৮/- | ৫০০/- |
| ২৮ | সাহারপাড় বাজার | ঐ | ১৯,২৫৭/- | ৫০০/- |
| ২৯ | ধামতী বাজার | ধামতী | ৫৪,৭৭০/- | ৫০০/- |
| ৩০ | দুয়ারিয়া বাজার | ঐ | ২০,৫৬৪/- | ৫০০/- |
| ৩১ | আতাপুর বাজার | সুলতানপুর | ৪২,৮১২/- | ৫০০/- |
| ৩২ | বাগুর বাজার | বরকামতা | ২৬,২৬৬/- | ৫০০/- |
| ৩৩ | মোহনপুর বাজার | মোহনপুর | ৭,৩৩,৫৭৬/- | ২০০০/- |
| ৩৪ | বিহারমন্ডল বাজার | ঐ | ২,৮২৭/- | ৫০০/- |

### দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচিঃ-

| দরপত্র সিডিউল ক্রয়ের শেষ তারিখ | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম পর্যায়েঃ ১৪/০৩/২০২১ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ১৫/০৩/২০২১ ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৫/০৩/২০২১ দুপুর ২.০০ ঘটিকা |
| ২য় পর্যায়েঃ ২৪/০৩/২০২১ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ২৫/০৩/২০২১ ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৫/০৩/২০২১ ২.০০ ঘটিকা |
| ৩য় পর্যায়ে : ০৫/০৪/২০২১ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ০৬/০৪/২০২১ ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৬/০৪/২০২১ ২.০০ ঘটিকা |

কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন সরকারী হাট-বাজারসমূহ ১৪২৮ বাংলা সনের ইজারা দরপত্র সংক্রান্ত শর্তাবলী:-

১. ১৪২৮ বাংলা ০১ বৈশাখ হতে ১৪২৮ বাংলার ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০%(শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রর্ত্যপণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, তাঁকে দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর অবশ্যই একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারামূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। ২য় বার দরপত্র আহ্বান সত্বেও যদি প্রাপ্ত দর পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয়, তাহলে ইজারা প্রদানের কার্যক্রম তৃতীয় পর্যায় পর্যন্ত বহাল থাকবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টানিয়ে প্রচার করবে।

৮. প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয়, তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা অর্থ কর্তনপূর্বক বাকী জামানতকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(রাকিব হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
দেবিদ্বার, কুমিল্লা।
ফোন: ০৮০২৪-৫৩০০১
www.debidwar.comilla.gov.bd

বিতরণ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মাননীয় সংসদ সদস্য ২৫২ কুমিল্লা-৪ (দেবিদ্বার)
২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
৩। পুলিশ সুপার, কুমিল্লা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা।
৫। প্রশাসক, দেবিদ্বার পৌরসভা, দেবিদ্বার, কুমিল্লা
৬। সহকারী কমিশনার (ভূমি), দেবিদ্বার, কুমিল্লা নোটিশের ১৫ কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। সকল ইউনিয়ন ভূমি অফিসে ০১ (এক) কপি করে বিতরণ এবং হাট-বাজারে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে প্রচার ও জারীপূর্বক জারীর প্রতিবেদন অত্রাফিসে ফেরৎ পাঠানোর ব্যাপারে সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে নির্দেশ দিতে অনুরোধ করা হলো।
৭। উপজেলা ..........................................................অফিসার (সকল) দেবিদ্বার, কুমিল্লা।
৮। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, দেবিদ্বার শাখা, কুমিল্লা।
৯। চেয়ারম্যান,..................... (সকল) ইউপি, দেবিদ্বার, কুমিল্লা। উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন পরিষদের আওতাধীন হাট-বাজারসমূহে এবং জনসমাগমে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। জনাব.......................................................ইজারাদার, ..............................................হাট-বাজার, দেবিদ্বার, কুমিল্লা।
১১। সম্পাদক, ..............................................। উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী -------------------- তারিখের মধ্যে সংক্ষিপ্ত পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করত: প্রকাশিত ০৫ কপি পত্রিকাসহ বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২।সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড।